গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়
দিনাজপুর জেলা কারাগার।
jspdinajpurjail@gmail.com

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০৩ জুন, ২০২৬

পত্র নং-৫৮.০৪.২৭০০.১৬৯.০৬.০০৫.২০২৬- ২২৭২৭

## কোটেশন বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা ভাঙ্গারী লোহা জাতীয় পুরাতন মালামাল ক্রয়কারী প্রকৃত ব্যবসায়ী/ডেডস্টক মালামাল ক্রয় ব্যবসায়ী/কারা ঠিকাদারদের জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলা কারাগারের ব্যবহার অযোগ্য ডেডস্টক মালামাল এ্যালুমিনিয়াম থালা ১৯০০ টি, এ্যালুমিনিয়াম বাটি ১৯০০ টি, এ্যালুমিনিয়াম সসপেন ১২ টি, লোহার কোদাল ৭ টি, লোহার নিড়ানী ১২ টি, চুলকাটা কাঁচি ১৮ টি, লোহার ডান্ডাবেড়ী ৮২ টি, জি আই বালতি ২ টি ও লোহার কড়াই ৩ টি কোটেশন বিক্রয় করা হবে। আগ্রহী ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট ও টিন (আয়কর) সার্টিফিকেট ধারীগণ আগামী ১৭.০৬.২০২৬খ্রিঃ তারিখের মধ্যে কারা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সিডিউল ও শর্ত ভালভাবে পাঠ করে বুঝে দর দাখিল করবেন। কৃতকার্য সর্বোচ্চ কোটেশন দরদাতার নিকট ডেডস্টক মালামাল বিক্রয় করা হবে। ডেডস্টক মালামাল এর মূল্য বাবদ সমূদয় অর্থ ও উক্ত মূল্যের উপর বিধি মোতাবেক ১০% উৎস কর ও ১৫% ভ্যাট পরিশোধ করে নিজ খরচে ৩ (তিন) দিনের মধ্যে ডেডস্টক মালামাল নিয়ে যেতে হবে। আরো বিস্তারিত জানার প্রয়োজন হলে এবং ডেডস্টক মালামাল গুলো দেখার জন্য নিলাম ডাকের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কারা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ডেডস্টক মালামাল দেখা যাবে ও তথ্য জানা যাবে। জামানত হিসাবে (Tender security) ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার দরপত্র সিডিউলের সহিত সংযুক্ত করতে হবে। জামানত ফেরত যোগ্য। জেল সুপার, দিনাজপুর জেলা কারাগার, শিরোনামে ব্যাংক পে-অর্ডার দাখিল করতে হবে।

**কোটেশনের সাধারণ শর্তাবলী ঃ-**

(ক) দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ-১৬.০৬.২০২৬ তারিখ বেলা-২.৩০ ঘটিকা পর্যন্ত।
(খ) দরপত্র দাখিলের স্থান ঃ- দিনাজপুর জেলা কারাগারে প্রধান ফটকের সামনে রক্ষিত বাক্সে।
(গ) দরপত্র দাখিলের তারিখ ও সময় ঃ-১৭.০৬.২০২৬ তারিখ বেলা ১২ ঘটিকা পর্যন্ত।
(ঘ) দরপত্র উন্মুক্ত করার সময়-১৭.০৬.২০২৬ তারিখ বেলা- ১২.৩০ ঘটিকায়।

কর্তৃপক্ষ কোটেশন অংশগ্রহণকারীর সর্বোচ্চ দর গ্রহণ বা বাতিল অথবা কোটেশনের সব কার্যক্রম স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩.০৬.২৬

আবু নূর মোঃ রেজা
জেল সুপার
বিজে-০২৭৪০৮০০৩৫৭
দিনাজপুর জেলা কারাগার।

০৩.০৬.২৬

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
২। কারা উপ মহাপরিদর্শক, রংপুর বিভাগ, রংপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর।
৪। সিভিল সার্জন, দিনাজপুর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, দিনাজপুর।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ব্যবসায়ী সমিতি, দিনাজপুর।

আপনার দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

Khali Bosta Koteshon



CamScanner